System Analyst

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

স্মারক নং- ৭৯০৩ (৪২) এ, তারিখঃ ০১ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ
১৬ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ মাগুরা জেলা জজ আদালতে কর্মরত জারীকারক জনাব মীর আলী হামজা এর ক্যান্সার চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য জরুরী আর্থিক সহায়তা পাওয়ার আবেদন প্রসঙ্গে।**

সূত্র ঃ জেলা জজ এর কার্যালয়, মাগুরা। স্মারক নং-২৪৯ / জি, তারিখ ঃ ২৬/০৭/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলা জজ আদালতে কর্মরত জারীকারক জনাব মীর আলী হামজা তার আবেদনে উল্লেখ করেছেন যে, তিনি মাগুরা জেলা জজ আদালতে একজন জারীকারক হিসেবে দীর্ঘ ৩০ বৎসর যাবৎ কর্মরত আছেন। গত ২০১৭ খ্রিঃ সনের জানুয়ারী মাসে তার খাদ্য নালীতে সমস্যা দেখা দেয়। পরবর্তীতে বিভিন্ন প্রকার ডাক্তারী পরীক্ষা-নিরীক্ষা শেষে তার খাদ্য নালীতে টিউমার ধরা পড়ে। উক্ত টিউমারে ক্যান্সারের জীবানু আছে মর্মে পরীক্ষান্তে জানা যায়। তিনি মোট ০৪ সন্তানের জনক। তিনি একজন ৪র্থ শ্রেণির কর্মচারী। তিনি স্ত্রী ও সন্তানদের নিয়ে অনেক কষ্ট করে সংসারের ব্যয় নির্বাহ করেন। ক্যান্সার বিশেষজ্ঞ জনাব ডাঃ ইউসুফ আলীর অধীন দীর্ঘদিন যাবৎ ক্যান্সার রোগের চিকিৎসা করেছেন। পরবর্তীতে আহসানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল, উত্তরা, ঢাকাতে চিকিৎসা গ্রহণ করেছেন। তিনি বর্তমানে ঢাকা সম্মিলিত সামরিক (CMH) হাসপাতালে চিকিৎসাধীন আছেন। প্রতি ১৫ দিন অন্তর তাকে কেমো গ্রহণ করতে হচ্ছে। প্রতিটি কেমোর মূল্য ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা। দীর্ঘ দেড় বৎসর যাবৎ ক্যান্সারের বহুবিধ পরীক্ষা-নিরীক্ষাসহ চিকিৎসা করতে তিনি একেবারে নিঃস্ব হয়ে গিয়েছেন এবং মানবেতর জীবন যাপন করছেন। উন্নত চিকিৎসার জন্য চিকিৎসকগণ তাকে দেশের বাইরে গমনের পরামর্শ দিয়েছেন। এজন্য তার ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা প্রয়োজন। তার কোন জমি-জমা অথবা অর্জিত অর্থ অবশিষ্ট নেই। তিনি বাংলাদেশের বিচার বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট আর্থিক সাহায্যের জন্য আকুল আবেদন জানিয়েছেন।

২। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মচারী তার ক্যান্সার চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত বাংলাদেশের বিচার বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীর নিকট আর্থিক সহায়তা পাওয়ার জন্য বিনীত প্রার্থনা করেছেন।

৩। এমতাবস্থায়, মাগুরা জেলা জজ আদালতে কর্মরত জারীকারক জনাব মীর আলী হামজা এর ক্যান্সার চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য জরুরী আর্থিক সহায়তা পাওয়ার আবেদন এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তাকে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ০২ (দুই) ফর্দ।

**সাহায্য পাঠানোর ঠিকানা**
**বেগম ফারজানা আক্তার**
**সঞ্চয়ী ব্যাংক হিসাব নং- ১৪২৫২**
**জনতা ব্যাংক লিঃ**
**মাগুরা শাখা,** মাগুরা।
**বিকাশ নাম্বার- ০১৭২১-৫৮৭১২৪ (ব্যক্তিগত)**

**স্বাঃ/-**
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬।
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- এ, তারিখ ঃ /১০/২০১৮খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৪। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার

বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৫। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৬। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।

৭। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------- ----- (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৮। মহানগর দায়রা জজ, --- ---------------------------------- ------------------------------ (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৯। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -----------------------------------------(সকল)।

১০। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------------------- (সকল)।

১১। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,-------- ------------------ (সকল)।

১২। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ------------------ ------------------ (সকল)।

১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।

১৪। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----- -------------------------------- (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

১৫। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

১৬। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, -------------------------------------------------- (সকল)।

১৭। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -----------------------------------------(সকল)।

১৮। বিচারক( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

১৯। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,------------------------- (সকল)।

২০। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

২১। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।

২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।

২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।

২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।

২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপিলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।

২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা (কমিশন সচিবালয়ে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা (ইন্সটিটিউটে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা (কমিশনে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৩১। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।

৩২। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৩৩। আইন উপদেষ্টা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), ঢাকা।

৩৪। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।

৩৫। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।

৩৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------ ---------------------------------------------------(সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৩৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------- ----------------------------------------------(সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৩৮। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।

৩৯। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।

৪০। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৪১। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।

৪২। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

16-10-18

(মো' তাহিমি বিল্যাহ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২

০১ AUG 2018

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
৮৫৩৮ তারিখ: 31 JUL 2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
জেলা জজের কার্যালয়,মাগুরা।

স্মারক নং- ২৪৭/১৮ তারিখঃ ২৬/০৭/১৮খ্রিঃ

প্রেরকঃ জেলা জজ,মাগুরা।

প্রাপকঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল ,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,ঢাকা
মাননীয় জেলা ও দায়রা জজ (সকল)
মাননীয় মহানগর দায়রা জজ (সকল)
মাননীয় চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)
মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)

**বিষয়ঃ মাগুরা জেলা জজশীপের জারীকারক মীর আলী হামজা এর ক্যানসার চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন অগ্রগামী করন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করত: জানানো যাইতেছে যে, মাগুরা জেলা জজশীপের জারীকারক মীর আলী হামজা দীর্ঘদিন যাবৎ ক্যানসারে আক্রান্ত । প্রতি পনের দিন অন্তর তাহাকে কেমো গ্রহণ করিতে হইতেছে। প্রতিটি কেমোর মূল্য ৪২,০০০/-টাকা ,যাহার ব্যয় বহন করা তাহার পক্ষে অসম্ভব হইতেছে।বর্তমানে তাহার কোন জমিজমা অথবা অর্জিত অর্থ অবশিষ্ট নাই। তাহার উন্নত চিকিৎসার জন্য ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকা প্রয়োজন। তাহার ক্যানসারের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সকল বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট তিনি আর্থিক সাহায্যের আবেদনসহ দোয়া কামনা করিয়াছেন।

এমতাবস্থায়,তাহার চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য মানবিক কারনে আর্থিক সাহায্যের আবেদন পত্রখানি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথ প্রেরণ করা হইল।

২৬/৭/১৮
(শেখ মফিজুর রহমান)
জেলা জজ, মাগুরা।

**সাহায্য প্রেরণের ঠিকানাঃ**

ফারজানা আক্তার
সঞ্চয়ী হিসাব নং-১৪২৫২ ,জনতা ব্যাংক ,মাগুরা শাখা,মাগুরা।
বিকাশ নম্বর-০১৭২১৫৮৭১২৪ (ব্যক্তিগত)

**সংযুক্তি:**

০১।সাহায্যের আবেদন -০১ ফর্দ্দ।
০২।চিকিৎসা সংক্রান্ত কাগজাদি- ১৬ ফর্দ্দ।

বরাবর,

মাননীয় রেজিষ্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
মাননীয় জেলা ও দায়রা জজ মহোদয় (সকল)
মাননীয় মহানগর দায়রা জজ (সকল)
মাননীয় চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)
মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)

মাধ্যমঃ মাননীয় জেলা জজ, মাগুরা।
মাধ্যমঃ ভারপ্রাপ্ত বিচারক, নেজারত বিভাগ,
জেলা জজ আদালত, মাগুরা।

বিষয়ঃ ক্যান্সার চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন।

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত প্রার্থনা এই যে, আমি মীর আলী হামজা মাগুরা জজশীপের একজন জারীকারক হিসাবে দীর্ঘ ৩০ বৎসর যাবৎ কর্মরত আছি। গত ২০১৭ সনের জানুয়ারী মাসে আমার খাদ্য নালীতে সমস্যা দেখা দেয়। পরবর্তীতে বিভিন্ন প্রকার ডাক্তারী পরীক্ষা নিরীক্ষা শেষে আমার খাদ্য নালীতে টিউমার ধরা পড়ে। উক্ত টিউমারে ক্যান্সারের জীবানু আছে মর্মে পরীক্ষান্তে জানা যায়। আমি মোট ৪ সন্তানের জনক। আমি একজন ৪র্থ শ্রেণির কর্মচারী। স্ত্রী সন্তানদের লইয়া অনেক কষ্ট করিয়া সংসারের ব্যয় নির্বাহ করি। ক্যান্সার বিশেষজ্ঞ ডাঃ ইউসুফ আলীর অধীন দীর্ঘদিন যাবৎ ক্যান্সার রোগের চিকিৎসা করিয়াছি। পরবর্তীতে আহসানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল উত্তরা, ঢাকাতে চিকিৎসা গ্রহণ করিয়াছি। আমি বর্তমানে ঢাকা সম্মিলিত সামরিক (CMH) হাসপাতালে চিকিৎসাধীন আছি। প্রতি ১৫ দিন অন্তর আমাকে কেমো গ্রহণ করিতে হইতেছে। প্রতিটি কেমোর মূল্য ৪২,০০০/- টাকা। দীর্ঘ দেড় বৎসর যাবৎ ক্যান্সারের বহুবিধ পরীক্ষা নিরীক্ষা সহ চিকিৎসা করিতে যাইয়া আমি একেবারে নিঃস্ব হইয়া গিয়াছি এবং মানবেতর জীবন যাপন করিতেছি। উন্নত চিকিৎসার জন্য চিকিৎসকরা আমাকে দেশের বাহিরে গমনের পরামর্শ দিয়াছেন। এজন্য আমার ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা প্রয়োজন। আমার কোন জমি জমা অথবা অর্জিত অর্থ অবশিষ্ট নাই। এমতাবস্থায়, আমি বাংলাদেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট আর্থিক সাহায়ের জন্য আকুল আবেদন জানাইতেছি।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা উপর্যুক্ত বিষয়াদি সদয় বিবেচনা করিয়া আমার জীবন বাঁচানোর জন্য সকল বিচার বিভাগীয় কর্মকর্তা কর্মচারীগণ আমাকে দোয়া ও আর্থিক সাহায্য প্রদান করিতে মর্জি হয়।

বিনীত
আপনার একান্ত অনুগত,

মীর আলী হামজা।

(মীর আলী হামজা)
জারীকারক,
নেজারত বিভাগ,
জেলা জজ আদালত, মাগুরা।
মোবাইল নং-০১৭২১-৫৮৭১২৪

**আর্থিক সহায়তাদানের ঠিকানাঃ**
ফারজানা আক্তার
সঞ্চয়ী হিসাব নং-১৪২৫২
জনতা ব্যাংক, মাগুরা শাখা, মাগুরা।
বিকাশ হিসাব নং-০১৭২১৫৮৭১২৪(ব্যক্তিগত)